**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**Website: www.bb.org.bd**

**বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬**

**২৩ শ্রাবণ ১৪২৬**
**তারিখ ঃ -----------------**
**০৭ আগস্ট ২০১৯**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকার বিভিন্ন ব্যাংক শাখায় স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রমসহ সান্ধ্য ব্যাংকিং চালু রাখা এবং ছুটিকালীন ব্যাংকের নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে ও ব্যবস্থাপনায় পরিচালিত কুরবানির পশুর হাটগুলোতে প্রচুর ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ফলে হাটগুলোতে আর্থিক লেনদেনের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, কুরবানির পশুর হাটগুলোর নিকট দূরত্বেই বিভিন্ন ব্যাংক-শাখা তাদের নিয়মিত কার্যক্রম পরিচালনা করে থাকে। হাটগুলোর নিকটবর্তী এসব ব্যাংক-শাখা ব্যবহার করে কুরবানির পশু ব্যবসায়ীগণ তাদের পশু বিক্রির অর্থ লেনদেনে ব্যাংকের সহায়তা গ্রহণ করতে পারেন। এতদ্ব্যতীত ঈদ-উল-আযহা উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা অতীব গুরুত্বপূর্ণ।

২। বর্ণিত প্রেক্ষিতে, আসন্ন ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন (৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) কুরবানির হাটের নিকটবর্তী ব্যাংক শাখা খোলা রেখে সকাল ১০:০০ টা হতে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম এবং সন্ধ্যা ৬:০০ টা থেকে রাত ৮:০০ পর্যন্ত সান্ধ্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পরামর্শ প্রদান করা হলো। এক্ষেত্রে ঈদ-উল-আযহা'র পূর্বের সাপ্তাহিক ও সাধারণ ছুটির তিন দিন (৯, ১০, ১১ আগস্ট, ২০১৯) দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের যুক্তিসঙ্গত ভাতা প্রদানের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৩। ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৫ এবং আইটি সম্পর্কিত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার জন্য বিআরপিডি সার্কুলার নং-০৯/২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন-এর পরিপালন নিশ্চিত করতে হবে। অধিকন্তু, ঈদ-উল-আযহা'র সাধারণ ছুটিসহ পূর্বের ও পরের অন্যান্য ছুটির দিনসমূহে রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করাসহ ছুটির দিনগুলোতেও ব্যাংকের শাখা ও ভল্টের নিরাপত্তা সুনিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এ,কে,এম, মহিউদ্দিন আজাদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২